

## বসন্তে রচিত কবিতা

ঋতু আর কী জানে

আ রু ল হো সে ন

বসন্ত, তুমি কখন এসেছো?  
একদম টের পাইনি, পায়ের শব্দ শুনিনি  
সকালে পড়ার ঘরের জানলা খুলতেই দেখি  
'লনের' দু পাশে ছোট বাগানে ও দেয়ালের ধারে  
কাঁঠালিচাঁপার ডালে ও পাতায় তুমি।

কে না জানে ভুল হয় না তোমার,  
বদলায় না তো সময় কখনও।  
অভ্যাস অভ্যাসই।  
তুমি কি নিয়ম ভাঙতে পারো?

ওরাও তোমার দেখাদেখি মুখে, ঠোঁটে রঙ মেখে  
রাধার মতোন চুল বেঁধে,  
হলদে রঙের, লাল পাড় শাড়ি পরে  
ফুরফুর করে বেড়ায় বাতাসে।

জানি না রঙটা কার কতখানি খাঁটি ও সত্যি।  
মানুষ এখনও নিয়মের দাস হয়নি বলেই  
বোধ হয় বেঁচে গেছে।  
জীবনের ঋতু একে একে পর পর  
ঘড়ি ধরে ধরে আসে না, যায় না।

কখন, কীভাবে, বান ডাকে তার জীবনের জনপদে,  
আবার কখন রঙে রঙে ভরে মনের আকাশ,  
আলোয় আলোয় বলমল করে হৃদয়ের অলিগলি,  
কিংবা খরায় খাঁ খাঁ করে বুক,  
অথবা বরফ জমে তার সারা পৃথিবীতে,  
গ্রীষ্ম বর্ষা শীত বসন্ত  
তার কতটুকু জানে?